

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৬.২০৩.৪৮০০.০৬১.১৪.০৩৭.১৫-২০৪

তারিখ ০৭/০৬/২০১৬খ্রিঃ।

প্রেরক : নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ

প্রাপক : এস কে বিন্দার্স
প্রো-প্রাইটর :- মোঃ আব্দুল ওয়াদুদ ক'জল
বর্ড নং-১০ (৬ষ্ঠ তলা), রোড নং ৩/বি
সেক্টর -৯, উত্তরা, ঢাকা-১২৩০

বিষয় : প্যাকেজ নং-WB-1203 এর চুক্তি বাতিলকরণ প্রসঙ্গে।

- সূত্র : ১। অত্র কার্যালয় স্মারক নং-১০৯৫ তারিখ-০৪-০৬-২০১৪খ্রিঃ
২। অত্র কার্যালয় স্মারক নং-১১০৯ তারিখ-০৪-০৫-২০১৬খ্রিঃ
৩। অত্র কার্যালয় স্মারক নং-১২০৯ তারিখ-০১-০৫-২০১৬খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার/আপনাদের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত স্মারকমূলে প্যাকেজ নং-WB-1203 এর আওতায় আপনাকে/আপনাদিগকে ২০টি Wash Block নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি সম্পন্ন করার জন্য আপনাকে/আপনাদিগকে ১২০দিন সময় দেয়া হলেও দীর্ঘ প্রায় ২ বছরেও আপনি/আপনারা কাজটি সমাপ্ত করতে পারেননি। আপনার/আপনাদের ব্যর্থতার জন্য পুন্নের কোমলমতি শিশুসহ অনেক উপকারভোগী নিরাপদ স্যানিটেশনের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। সাথে সাথে অত্র দপ্তরের সুনামও দারুণভাবে ক্ষুণ্ণ হচ্ছে। বিষয়টি নিয়ে আপনাকে/আপনাদিগকে ইতোপূর্বে বারবার তাগাদা দেয়া সত্ত্বেও আপনি/আপনারা বিষয়টি আমলে নেননি। প্রকল্পটি বর্তমান অর্থবছরে শেষ হবে। গত ২৮/৪/২০১৬খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আঞ্চলিক সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, আপনি/আপনারা আগামী ১৪ দিনের মধ্যে প্যাকেজের সমুদয় কাজ সুসম্পন্ন করে স্কুল কর্তৃপক্ষকে তা বুঝিয়ে দিবেন ও চূড়ান্ত বিল দাখিল করবেন। সে মোতাবেক আপনাকে/আপনাদিগকে ১৮/৫/২০১৬খ্রিঃ তারিখের ভিতর সমুদয় কাজ সুসম্পন্ন করে স্কুল কর্তৃপক্ষকে তা বুঝিয়ে দিয়ে চূড়ান্ত বিল দাখিল করার জন্য সূত্রে বর্ণিত ২নং ও ৩নং স্মারকমূলে পত্র দেয়া হয়েছিল। পরটি আপনার/আপনাদের সাথে চুক্তিকালীন সময়ে প্রদত্ত ঠিকানায় প্রেরণ করা হলে তার কোন প্রতিউত্তর পাওয়া যায়নি।

এ অবস্থায় যেহেতু আপনি/আপনারা ইতোপূর্বে জারীকৃত পত্রসমূহ গ্রহণ করেননি/প্রতিউত্তর দেননি, অবশিষ্ট কাজসমূহ নির্ধারিত সময়ে শেষ করেননি, কাজ অসমাপ্ত হ'কায় কোমলমতি শিশুরা নিরাপদ স্যানিটেশন সুবিধা থেকে বঞ্চিত হয়েছে, কাজটি সমাপ্ত না করায় অত্র অধিদপ্তরের তথা সরকারের সুনাম ক্ষুণ্ণ হয়েছে, আপনি/আপনাদের সাথে সম্পাদিত চুক্তিটি বাতিল করতে কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে তাই বিগত ০৪-৬-২০১৪খ্রিঃ তারিখে আপনার/আপনাদের সাথে সম্পাদিত প্যাকেজ নং-WB-1203 এর চুক্তিটি অদ্য ০৭-০৮-২০১৬খ্রিঃ তারিখে PCC clause - 2.5, General Conditions of Contract clause-8E, Special Condition of Tender & Contract Clause 2' মোতাবেক বাতিল করা হলো। এতদসঙ্গে বর্ণিত প্যাকেজে এযাবৎকাল আপনার/আপনাদের কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণের একটি তালিকা প্রেরণ করা হলো।

(প্রকৌঃ মোঃ জাহাঙ্গীর/হক)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

০৭/০৬/২০১৬

স্মারক নং-৪৬.২০৩.৪৮০০.০৬১.১৪.০০৭.১৫- ২০৪/২(৩)

তারিখ ০৭/০৬/২০১৬খ্রিঃ

সদয় অবগতি/আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। প্রকল্প পরিচালক ও মধ্যকাল পয়েন্ট (পিইডিপি-৩), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। প্রোগ্রামার, এমঅইএস ইউনিট, পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। পত্রটি ডিপিএইচট'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কিশোরগঞ্জ।
- ৪। সহকারি প্রকৌশলী/উপসহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা, কিশোরগঞ্জ।

(প্রকৌঃ মোঃ তোজায়েল হক)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৬.২০৩.৪৮০০.০৬১.১৪.০০৭.১৫- ২০৪/২(২)

তারিখ ০৭/০৬/২০১৬খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।

(প্রকৌঃ মোঃ তোজায়েল হক)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।